

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-২৮৯

আগরতলা, ২৯ এপ্রিল, ২০২৬

ভগৎ সিং যুব আবাসে ৪-১৩ মে  
এনসিসি'র প্রশিক্ষণ শিবির

১৫ ত্রিপুরা ব্যাটেলিয়ন এনসিসি তার বার্ষিক প্রশিক্ষণ শিবির (Combined Annual Training Camp) এর আয়োজন করছে। ৪-১৩ মে আগরতলার শহীদ ভগৎ সিং যুব আবাসে এই প্রশিক্ষণ চলবে। যুব সম্প্রদায়ের মধ্যে শৃঙ্খলা, টিম ওয়ার্ক ও নেতৃত্ব দেওয়ার মতো মূল্যবোধ সৃষ্টি করার লক্ষ্যে প্রশিক্ষণার্থীদের শারীরিক প্রশিক্ষণ দেওয়া হবে। সাথে থাকবে ড্রিল অনুশীলন, অস্ত্র চালানোর প্রশিক্ষণ ও বিশেষ কোচিং ক্লাস, ইন্টার-ইউনিট অনূর্ধ্ব ১৭ ছেলেদের ফুটবলের প্রশিক্ষণও দেওয়া হবে এই প্রশিক্ষণ শিবিরে। এই প্রশিক্ষণের মাধ্যমে তাদের বিভিন্ন প্রতিযোগিতা, স্থল সৈনিক ক্যাম্প ও নয়াদিল্লিতে ২০২৭ এর প্রজাতন্ত্র দিবসের প্যারেডের জন্য যোগ্য করে তোলা হবে। কমান্ডিং অফিসার লেফটেনেন্ট কর্ণেল রোহন গুপ্তা জানিয়েছেন, গত বছরও এধরনের প্রশিক্ষণ শিবির অনুষ্ঠিত হয়েছিল। তবে এবছর প্রশিক্ষণার্থীর সংখ্যা বাড়বে এবং প্রশিক্ষণের গুণমানও বাড়বে।

\*\*\*\*\*